ঝিনাইদহ সদর হাসপাতালের দুইটি লিফট একসাথে নষ্ট চরম ভোগান্তিতে রোগীসহ স্বজনরা

সেলিনা বেগমের শ্বশুর অসুস্থ। হাসপাতালের ৬ষ্ঠ তলায় তার অবস্থান। প্রতিনিয়ত নিচে ওঠানামা করতে হয়। কিন্তু রোববার থেকে হাসপাতালের বহুতল ভবনরে দুইটি লিফট এক সঙ্গে নষ্ট হয়ে গেছে। এ নিয়ে চরম ভোগান্তিতে পড়েছেন তিনি। শুধু সেলিনা বেগন নয়, তার মতো শতাধীক রোগী ও রোগীর স্বজনরা বিপাকে পড়েছেন। সেই সাথে চিকিৎসক ও নার্সসহ হাসপাতালের স্টাফরাও।

তথ্য নিয়ে জানা গেছে, রোববার দুপুর ১২টার পর থেকে ঝিনাইদহ সদর হাসপাতালের লিফট বন্ধ হয়ে যায়। লিফট বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে রোগী ও তার স্বজনদের মধ্যে দুশ্চিন্তা ভর করে। আতংক ছড়িয়ে পড়ে সর্বত্র। এদিকে হৃদরোগ ও দুর্ঘটনায় আহত রোগীদের পরীক্ষা নিরীক্ষাসহ জরুরী প্রয়োজনে ওঠানামা বন্ধ হয়ে গেছে। অনেক হার্টের রোগী প্রয়োজনে তিনতলার উপরে উঠতে পারছেন না। আবার চিকিৎসকরাও ৬ তলা ও ৮ তলায় যেতে পারছেন না।

আসাদুজ্জামান নামে এক রোগীর স্বজন বলেন, ঝিনাইদহ আড়াই’শ বেড জেনারেল হাসপালের লিফট মানেই ছিল আতংক। আগে যখন তখন লিফট বন্ধ হয়ে রোগী ও তার স্বজনরা বিপদের সম্মুখিন হলেও কোন প্রতিকার ছিল না। কারণ এ দুটি লিফট চালান হাসপাতালেরই তিনজন সিকিউরিটি গার্ড। এ বিষয়ে তারা দক্ষ না হলেও তাদের হাতেই সোপর্দ করা হয়েছে আটতলা ভাবনের দুইটি লিফট। ফলে প্রতিনিয়ত লিফট আটকে রোগীদের বিড়ম্বনায় ফেলে দিত। এবার নষ্ট হয়ে ভোগান্তির চরম শিখরে পড়লো রোগীর পাশাপাশি ও তার স্বজনরা।

লিফট নষ্ট হওয়ার কথা স্বীকার করে ঝিনাইদহ সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক সৈয়দ ডাঃ সৈয়দ রেজাউল ইসলাম জানান, বিষয়টি রোববার জেলা সমন্বয় কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে। মিটিংয়ে উপস্থিত ঝিনাইদহ গণপূর্ত বিভাগের উপবিভাগীয় প্রকৌশলী ফারুক হোসেনকে অবহিত করে দ্রুত লিফটি মেরামতের জন্য বলা হয়েছে।

তত্ত্বাবধায়ক জানান, ঝিনাইদহ সদর হাসপাতালটি বহুতল বিশিষ্ট হওয়ায় লিফট খুবই জরুরী। প্রতিদিন রোগীসহ প্রায় ৮/৯’শ দর্শনার্থী লিফট

ব্যবহার করেন। তাছাড়া তিন তলা ছাড়া লিফট ব্যাতিত উপরে যাওয়া কষ্টকর। বিষয়টি নিয়ে ঝিনাইদহ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীকে ফোন করা হলে তার ফোন বন্ধ পাওয়া যায়। অন্যদিকে উপ বিভাগীয় প্রকৌশলী ফারুক হোসেন ফোন রিসিভ করেননি।

এ ব্যাপারে হাসপাতালের ঠিকাদার সাইফুল ইসলাম টিপু জানান, লিফট কেনার জন্য গনপুর্ত বিভাগের তৎকালীন নির্বাহী প্রকৌশলী কায়সার ইবনে শাইখ দুইবার ইটালি যান। তিনিই দেখে শুনে এই লিফট কিনে আনেন। তাই লিফট নিয়ে প্রশ্ন উঠলে গনপূর্ত বিভাগ তার সমাধান করবেন।

উল্লেখ্য, ২০১৩ সালের ৮ অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। ২০১৭ সালে টি.ই অ্যান্ড ইউসিসি জেভি নামের ঠিকাদারি প্রতিষ্ঠান নির্মাণকাজ শুরু করে। ২০১৯ সালের ডিসেম্বরে নির্মাণকাজ সম্পন্ন করে ভবনটি হস্তান্তরের কথা ছিল। কিন্তু ঘুষ লেনদেন নিয়ে ঠিকাদারের সঙ্গে তৎকালীন নির্বাহী প্রকৌশলী কায়সার ইবনে শাইখের দ্বন্দ হলে ঠিকাদারের বিল আটকে দেন। এ নিয়ে বিরোধ চরমে ওঠে। দুদক বিষয়টি তদন্তে নামে। একপর্যায়ে নির্বাহী প্রকৌশলী কায়সার বদলি হয়ে যান।

কোটচাঁদপুরে ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ আটক ১

কোটচাঁদপুরে ডিবি পুলিশ অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ আটক করেছেন মাদক কারবারি রাকিবুল ইসলাম কে। গতকাল শুক্রবার তারিখে পৌরসভাধীন নওদা গ্রাম সড়ক থেকে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক (ওসি) মোঃ শাহিন উদ্দিন জানান, ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালান কোটচাঁদপুর থানাধীন নাওদাগ্রাম,বলাবাড়িয়াগামী রাস্তায়। এ সময় পাশে সোলেমান পোদ্দারের আম বাগানের সামনে থেকে মাদক ব্যবসায়ী রাকিবুল ইসলাম (২২) কে আটক করা হয়। উদ্ধার করা হয় ২০ বোতল ফেন্সিডল। রাকিবুল ইসলাম পৌরসভার সলেমানপুর গ্রামের

মৃধা পাড়ার আবেদুল ইসলামের ছেলে।

এ বিষয়ে কোটচাঁদপুর মডেল থানার ডিউটিরত উপ-পরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন জানান, জেলা গোয়েন্দা পুলিশ রাকিবুল ইসলাম নামের এক মাদক কারবারিকে আটক করে থানায় দিয়ে গেছেন। তাঁর বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

আজ শনিবার রাকিবুল ইসলাম কে ঝিনাইদহ আদালতে পাঠানো হয়েছে। মামলা নম্বর ৩/২৩।

ঝিনাইদহে ট্রাকচাপায় দুই যুবক নিহত

ঝিনাইদহের সদর উপজেলায় ট্রাকচাপায় মোটরসাইকেল আরোহী দুই যুবক নিহত হয়েছেন। শনিবার (১৪ জানুয়ারি) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার ঝিনাইদহ-যশোর মহাসড়কের কয়ারগাছি এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন-কালীগঞ্জ উপজেলার ষাটবাড়িয়া রবিউল ইসলাম মনিরের ছেলে শাকিল হোসেন (২০) ও একই গ্রামের মিটুল বিশ্বাসের ছেলে রাকিব বিশ্বাস (২০)। তারা দুইজন ঝিনাইদহ সদর হাসপাতাল এলাকায় ওষুধ ফার্মেসিতে কাজ করতো।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঝিনাইদহ সদর হাসপাতাল এলাকায় একটি ফার্মেসিতে কাজ করতেন শাকিল ও রাকিন। আজ সকালে মোটরসাইকেলে কালীগঞ্জ থেকে ঝিনাইদহে যাচ্ছিলেন তারা। ঝিনাইদহ-যশোর মহাসড়কের কয়ারগাছি এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা ইটবোঝাই ট্রাক তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই দুই জনের মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে বলেন, দুই জনের লাশ উদ্ধার করা হয়েছে। ঘাতক ট্রাক শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

প্রতিবন্দী হয়েও এগিয়ে চলেছেন কোটচাঁদপুরের আরাফাত মাল্লিক

হাতের আঙ্গুল না থাকায় দুই হাত দিয়েই লিখতে হয় আরাফাত মল্লিক(১১)কে। এরপরও ক্লাসে সব সময় প্রথম হয়েছেন সে। লেখা-পড়া করে জীবনে সরকারি বড় কর্মকর্তা হবার ইচ্ছে তাঁর। আরাফাত কোটচাঁদপুর উপজেলার বলুহর নন্দী পাড়ার আলামিন মল্লিকের ছেলে।

আরাফাত মল্লিকের পিতা আলামিন মল্লিক বলেন,জন্মের দিনই বুঝতে পেরে ছিলাম আরাফাত শারিরীক প্রতিবন্দী। ওই অবস্থায় দেখার পর প্রথমে কিছুটা মন খারাপ হয়েছিল। তবে ভেঙ্গে পড়িনি। বিশেষ করে তাঁর মা ছিলেন আরো শক্ত অবস্থায়। আর সব সবার সন্তানের তুলনায় আরাফাতকে একটু আলাদা ভাবেই বড় করতে হয়েছে আমাদের।

তিনি বলেন, আরাফাত একটু বড় হয়ে স্কুল যাওয়ার মত হলে,তাকে বলুহর দক্ষিণ প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা হয়। ওই সময় শুধু আরাফাতের রোল হয় একটু বেশি।

এরপর থেকে সে কোন দিন ২ নাম্বার হন ক্লাসে। এরজন্য অকান্ত পরিশ্রম করেছেন তাঁর মা সেলিনা খাতুন। আজ তাঁর বয়স ১১ বছর। বর্তমানে সে কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ট শ্রেনীর ছাত্র। সে ৫ম শ্রেনীতে বৃত্তি পরিক্ষাও অংশগ্রহণ করেছেন। আরাফাত বৃত্তি পাবেন বলে জানিয়েছেন আমাকে।

তিনি আরো বলেন,কাজের ফাঁকে একদিন আরাফাত আমাকে জিজ্ঞাসা করেন,বাবা সরকারি বড় পদ কি।আমি ওই সময় তাকে বলেছিলাম,জেলা প্রশাসক,এসপি,ইউএনও। ওই সময় সে আশা প্রকাশ করে ছিল সরকারি বড় কর্মকর্তা হওয়ার।

আলামিন মল্লিকের দুইটি সন্তান। এরমধ্যে আরাফাত মল্লিক বড় আর ছোট মেয়ের বয়স ৯ মাস।
জানা যায়,আলামিন মল্লিক বিএ পাস আর তার মা সেলিনা খাতুন এসএসসি পাস। তারা শিক্ষিত হয়ে ও কোন চাকুরী না করে,পিতা আলামিন মাঠে কৃষি কাজ বেচে নিয়েছেন। আর মা সেলিনা খাতুন গৃহিনী। তারা ছেলে

মেয়েদের মানুষের মত মানুষ করে গড়ে তুলে নিজেদের ইচ্ছে পূরন করতে চান।

আরাফাত মল্লিক বলেন,ছোট বেলা থেকে দুই হাতে লিখে অভ্যাস হয়ে গেছে। তেমন কোন সমস্যা হয় না।সবার মত লিখতেও পারি। বড় হয়ে কি হতে চাও এমন প্রশ্নে,সে বলেন,লেখা পড়া শিখে সরকারি দপ্তরের বড় কর্মকর্তা হতে চাই।

দোহানাগিরাট মাদ্রাসায় পুরস্কার বিতরণী ও ইসলামী সাংস্কৃতিক অনুষ্ঠান

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দোহানাগিরাট তালিমুল কুরআন হাফেজিয়া মাদ্রাসার বার্ষিক ক্রীড়া ও ইসলামী সাংস্কৃতিক অনুষ্ঠান এক উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষ্যে বুধবার বেলা তিনটায় এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়াম্যান এম হাকিম আহমেদ,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পল্লী বিদ্যুত শৈলকুপা জোনাল অফিসের ডিজিএম মিজানুর রহমান ,ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল.শৈলকুপা পল্লী বিদ্যুত সমিতির সাবেক সভাপতি গোলাম রসুল পান্না প্রমুখ, এছাড়াও উপস্থিত ছিলেন প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা ও সাধারণ সম্পাদক শাহীন আক্তার পলাশ,সাবেক স্বেচ্ছাসেবকলীগ সভাপতি কাজী নওরোজ, সভাপতি জুয়েল পারভেজ কর্ণেল, ইউপি সদস্য আবু বকর,মিন্টু মিয়া, আঃ সালাম ও এলাকার সুশীল সমাজের একাংশসহ মাদরাসার ছাত্রছাত্রীরা। সভাপতিত্ব করেন আব্দুস সবুর বিশ্বাস।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জরিপ বিশ্বাস ডিগ্রী কলেজের প্রভাষক ও অত্র মাদরাসার কার্য নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক জুয়েল হোসেন।

উল্লেখ্য, ২০২২ সালের জানুয়ারী মাসে প্রতিষ্ঠানটি একাডেমিক স্বীকৃতি পেয়েছে।

কোটচাঁদপুরে স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

যথাযোগ্য মর্যাদায় কোটচাঁদপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতির জনক বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে মঙ্গলবার বিদ্যালয়ে আলোচনা সভা করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃ মোমেন আল আরাফাত সোহেল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অভিভাবক সদস্য মোঃমঈন উদ্দিন খান, মোঃ সাইফুর রহমান মিন্টু ,মোঃ মফিদুল ইসলাম,সহকারী প্রধান শিক্ষক এসএম হুমায়ুন কবির শিক্ষক প্রতিনিধি মোঃ রবিউল ইসলাম মো: আবু রাসেল,বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী মরিয়া ও তাহমিদ ইসফার।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন,সহকারী শিক্ষক শফিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যবর্তন দিবসের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র /ছাত্রী সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ও ঝিনাইদহ ৩ আসনের মাননীয় জাতীয় সাংসদ এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের শারিরীক সুস্থ্যতা কামনা করে দোয়া করা হয়।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষন অনুষ্ঠিত

কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষন ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন। প্রশিক্ষনে সভাপতিত্ব করেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন ।

প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ ।

এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা,সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুচ আলী। এরপর ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

ঝিনাইদহে শেখ কামাল যুব গেমস উদ্বোধন

ঝিনাইদহে শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস আন্ত: উপজেলা প্রতিযোগিতা শুরু হয়েছে।

সোমবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন জেলা প্রশাসন মনিরা বেগম।

এসময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা

পরিষদের সচিব সেলিম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) ইমরান জাকারিয়া, অতিরিক্ত জেলা প্রশাসক রাজিবুল হাসান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হয় কারাতে, দৌড়, দাবা, সাতার, বল নিক্ষেপসহ নানা প্রতিযোগিতা। এতে ঝিনাইদহের ৬ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেয়। মঙ্গলবার বিকেলে এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হবে।

ঝিনাইদহে বিআরটিয়ের ১ দালালকে কারাদন্ড

ঝিনাইদহ বিআরটিএ অফিসে দালালি করার অপরাধে জিল্লুর রহমান নামের এক দালালের ১ মাসের কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার বিকেলে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম নুরুন্নবী এ দন্ডাদেশ প্রদাণ করেন। দন্ডিত জিল্লুর রহমান শহরের আরাপপুর এলাকার মুনতাজ খান’র ছেলে।

আদালত সুত্রে জানা যায়, বিআরটিএ অফিসে দালালরা সাধারণ মানুষের কাছ থেকে অতিরিক্ত টাকা আদায় করছে এমন খবরে অভিযান চালানো হয়। এ সময় হাতে নাতে শহরের আরাপপুর এলাকার জিল্লুর রহমান নামের এক দালালকে আটক করা হয়। টাকা নিয়ে কাজ করে দেওয়ার দোষ স্বীকার করায় জিল্লুর রহমানকে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ১’শ টাকা জরিমানা করা হয়। জরিমানা অনাদায়ে আরও ৭ দিনের কারাদন্ডের আদেশ দেয় বিচারক।

এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আদালতের বিচারক এস এম নুরুন্নবী।

কালীগঞ্জের মাঠ থেকে স্কুল শিক্ষকের লাশ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ঈশ^রবা এলাকার একটি মাঠ থেকে তাপস বিষ্ণু (৫৫) নামে স্কুল শিক্ষকের লাশ উদ্ধার করেছে পুলিশ।

রোববার সকাল ১১ টার দিকে কালীগঞ্জ-কোটচাঁদপুর সড়কের ঈশ^রবা এলাকার জামতলা এলাকা থেকে উদ্ধার করা হয়। চাঁচড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক তাপস বিষ্ণু উপজেলার গোপালপুর এলাকার সুনীল বিষ্ণুর ছেলে।

স্থানীয়দের ভাষ্যমতে, শনিবার রাত থেকে তাপস বিষ্ণু ঈশ^রবা জামতলা এলাকার দোকানে চা-নাস্তা খেয়েছেন। রাত ৯ টার পর থেকে তাকে আর এলাকায় দেখা যায়নি। সকালে কৃষকরা জমিতে পানি দিতে গিয়ে কাঁদার মধ্যে তাকে পড়ে থাকতে দেখে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাকে উদ্ধার করে।

তাপস বিষ্ণুর ভাই বিদ্যুৎ বিষ্ণু জানান, শনিবার দুপুর থেকে তার ভাই নিখোঁজ ছিলেন। অনেক স্থানে খোঁজাখুঁজি করেও তাকে পাওয়া যায়নি। রোববার সকালে ভাইকে খুঁজতে তিনি কালীগঞ্জ শহরে আসেন। এরপর খবর পান ঈশ^রবা গ্রামের মাঠে একজনের লাশ পড়ে আছে। খবর পেয়ে তিনি ঘটনাস্থলে পৌঁছে লাশ শনাক্ত করেন। তার ভাই দীর্ঘদিন মানসিক রোগে ভুগছিলেন।

কালীগঞ্জ থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, মৃত্যুর কারণ জানতে মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলে মৃত্যুর কারণ জানা যাবে বলেও জানান তিনি।